বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
☏: +৮৮-০২-৯৩৩৩৬৫১ 🖷: +৮৮-০২-৯৩৪২২২৬ www.scouts.gov.bd

পত্র নং- বাঃ স্কাঃ (স্পেশাল ইভেন্টস)/৬৫৬(৫৫৪) তারিখঃ ১৩ আশ্বিন ১৪২৭
২৮ সেপ্টেম্বর ২০২০

বিষয় : জোটা-জোটি ২০২০ আয়োজন সম্পর্কীয়।

বিশ্ব স্কাউট সংস্থার অনুসৃত নিয়ম অনুযায়ী আগামী ১৬-১৮ অক্টোবর ২০২০ পর্যন্ত দেশব্যাপী সকল জেলা স্কাউটস ও জেলা রোভারের ব্যবস্থাপনায় জোটা-জোটি ২০২০ অনুষ্ঠিত হবে।

উদ্দেশ্য :

অধিক সংখ্যক কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট যাতে তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার করে এ কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ পায় এ লক্ষ্যে জোটা, জোটি বাস্তবায়ন করা হবে। বিদ্যমান স্কাউট প্রোগ্রামের পাশাপাশি এ কার্যক্রমে অংশগ্রহণ করে স্কাউটরা বিজ্ঞানভিত্তিক আধুনিক স্কাউটিং কার্যক্রম সম্পর্কে জ্ঞান লাভ ও নিজেকে সম্পৃক্ত করার সুযোগ পাবে।

ভেন্যু :

বাংলাদেশ স্কাউটস এর প্রত্যেকটি অঞ্চলের সার্বিক তত্ত্বাবধানে দেশের প্রতিটি গ্রুপে, উপজেলায় জেলা স্কাউট ও জেলা রোভারের পরিচালনায় তাদের সুবিধাজনক স্থানে এই প্রোগ্রাম বাস্তবায়ন করা হবে। জেলা স্কাউটস ও জেলা রোভারের কর্মকর্তাগনের মাধ্যমে গঠিত জেলা টাস্কফোর্স ও জেলা কো-অর্ডিনেটর নির্বাচন করে আগামী ১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে জাতীয় সদর দফতরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। জেলা স্কাউটস ও জেলা রোভারের সার্বিক তত্ত্বাবধানে সংশ্লিষ্ট জেলায় স্থাপিত ভেন্যুতে ইন্টারনেট ব্যবহার নিশ্চিত করতে হবে। বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনায় জাতীয় সদর দফতর, কাকরাইল, ঢাকায় টেকনিক্যাল কমিটির সহযোগিতায় জোটা-জোটি ২০২০ বাস্তবায়ন করা হবে।

জেলা টাস্কফোর্স গঠন :

জোটা-জোটি ২০২০ সুষ্ঠু পরিচালনা ও বাস্তবায়নের জন্য প্রতিটি জেলা স্কাউটস ও জেলা রোভারের সভাপতি বা তাঁর মনোনীত প্রতিনিধি আহবায়ক, জেলা স্কাউটস, জেলা রোভার এর কমিশনার, আইসিটি সম্পর্কে অভিজ্ঞ স্কাউটার, সংশ্লিষ্ট জেলার দায়িত্বপ্রাপ্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, সম্পাদক জেলা স্কাউটস/জেলা রোভার সম্পাদক (সদস্য সচিব) গণের সমন্বয়ে জেলা টাস্কফোর্স গঠন করবে। টাস্কফোর্স প্রয়োজনে সদস্য অন্তর্ভূক্ত করতে পারবে। রেলওয়ে, নৌ, ও এয়ার জেলাসমূহের সংশ্লিষ্ট জেলা স্কাউটস কমিটির সভাপতি টাস্কফোর্সের আহবায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন এবং জেলা স্কাউটস এর ন্যায় উক্ত টাস্কফোর্স গঠিত হবে।

জোটা জোটি জেলা কো-অর্ডিনেটর নিয়োগ :

জেলা টাস্কফোর্স তথ্য প্রযুক্তি বা ইন্টারনেট ব্যবহারে পারদর্শী এমন ০১ জন জোটা-জোটি জেলা কো-অর্ডিনেটর নিয়োগ (০১ জন স্কাউটার) এবং রেলওয়ে, নৌ ও এয়ার জেলা থেকে ০১ জন করে মনোনয়ন করে (গতবারে স্টেশন অপারেটর হিসেবে দায়িত্ব পালনকারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে) তাঁদের নাম, পদবী, ই-মেইল ও মোবাইল নম্বর আগামী ১অক্টোবর ২০২০তারিখের মধ্যে সংশ্লিষ্ট অঞ্চল ও বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। জেলা কো-অর্ডিনেটর জেলার সকল স্থানের জোটা-জোটি কার্যক্রমের স্থির চিত্র, ভিডিও ক্লিপ এবং রিপোর্ট তৈরি করে জাতীয় সদর দফতরে প্রেরণ করবেন। উল্লেখ্য যে, ই-মেইল ব্যবহারকারী ব্যতীত অন্য কাউকে জোটা-জোটি জেলা কো-অর্ডিনেটর হিসেবে মনোনীত না করার জন্য অনুরোধ করা হলো।

ওরিয়েন্টেশন কোর্স :

আগামী ৬-৮ অক্টোবর ২০২০ তারিখে জেলা পর্যায় থেকে মনোনীত জোটা-জোটি জেলা কো-অর্ডিনেটরদের ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হবে। প্রত্যেক জেলা স্কাউটস থেকে ০১ জন কাব লিডার এবং ০১ জন স্কাউট লিডার এবং প্রত্যেক আঞ্চলিক রোভার স্কাউটস থেকে ০৩ জন করে রোভার স্কাউট এবং রেলওয়ে, নৌ ও এয়ার জেলা থেকে ০৫ জন করে ইউনিট লিডার অথবা এ বিষয়ে অভিজ্ঞ রোভার স্কাউটস ওরিয়েন্টেশন এ অংশগ্রহণ করবেন। ওরিয়েন্টেশন অনলাইনে জুম অ্যাপসের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

জোটা জোটি ব্যাজ :

জোটা-জোটি উপলক্ষে অংশগ্রহণকারীদের জন্য বাংলাদেশ স্কাউটস থেকে নমুনা ব্যাজ তৈরি করা হবে।

জোটা-১: এমেচার রেডিও :

জাম্বুরী উপলক্ষে অ্যামেচার রেডিও স্টেশন স্থাপন করা যেতে পারে। অংশগ্রহণকারীগণ রেডিওর মাধ্যমে দেশ-বিদেশের স্কাউটদের সাথে তথ্য আদান-প্রদান ও বন্ধুত্ব স্থাপন করতে পারবে।

জোটি-২: ইন্টারনেট :

জাম্বুরী উপলক্ষে সকল জেলা স্কাউটস ও জেলা রোভার স্কাউটস সহযোগিতা করবে। অংশগ্রহণকারী কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউটগণ ইন্টারনেট ব্যবহারের মাধ্যমে ও বিভিন্ন দেশের স্কাউটদের সাথে তথ্য আদান প্রদান ও বন্ধুত্ব স্থাপনে সক্ষম হবে। বিস্তারিত www.jotajoti.info এ পাওয়া যাবে।

অংশগ্রহণকারী :

জোটা-জোটি ২০২০ এ আগ্রহী অংশগ্রহণকারীদের পূর্ব থেকেই নিজ দলের ই-মেইল এড্রেস ব্যবহার করে জোটা-জোটি ওয়েবসাইটে (www.jotajoti.info) রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

উপকরণ :

জোটা-জোটি বাস্তবায়নের জন্য ইন্টারনেট কানেকশনসহ মোবাইল/ল্যাপটপ/ডেস্কটপ প্রয়োজন। সংশ্লিষ্ট জেলা স্কাউটস কে প্রয়োজনীয় সংখ্যক উপকরণ সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, জোটা-জোটি সংক্রান্ত যে কোন তথ্যের প্রয়োজনে বিশ্ব স্কাউট সংস্থার ওয়েবসাইট (www.scout.org) থেকে তথ্য সংগ্রহ করা যেতে পারে। এছাড়া বাংলাদেশ স্কাউটস এর পরিচালক (স্পেশাল ইভেন্টস ও ফাউন্ডেশন) জনাব মুহাম্মদ আবু সালেক, মোবাইল- ০১৭১২২৬৬৭৮০ এবং সহকারী পরিচালক (স্পেশাল ইভেন্টস) জনাব রাসেল আহমেদ, মোবাইল- ০১৬১১৭৫৫০১৯ ই-মেইল - spev@scouts.gov.bd এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ফেইসবুক গ্রুপ ঃ জোটা-জোটি ২০২০ উপলক্ষে জাতীয় সদর দফতরের জোটা-জোটি টিমের তত্ত্বাবধানে একটি একটি ফেইসবুক গ্রুপ {JOTA-JOTI, Bangladesh Scouts (Official Group)} খোলা হয়েছে। জোটা-জোটি ২০২০ সম্পর্কিত ছবি ও ভিডিও ফেইসবুক গ্রুপে শেয়ার করা যাবে এবং কার্যক্রমসমূহ ফেইসবুক লাইভের মাধ্যমে বর্ণিত গ্রুপে শেয়ার করা যাবে। জোটা-জোটি ২০২০ কার্যক্রমের স্থির চিত্র এবং ভিডিও, ক্যাম্পফায়ার কার্যক্রমের ভিডিও ও স্থিরচিত্র ফেইসবুক পেজে শেয়ার করার অনুরোধ জানাই।

জোটা-জোটি প্রতিবেদনঃ জোটা-জোটি ২০২০ সম্পন্ন করার পর প্রতিটি জেলা স্কাউটসকে সচিত্র প্রতিবেদন সফট কপি/ হার্ড কপি আকারে আগামী ৩১ অক্টোবর ২০২০ এর মধ্যে স্পেশাল ইভেন্টস বিভাগ বরাবর spev@scouts.gov.bd ই-মেইলে প্রেরণ করতে হবে। পরবর্তীতে তা সন্নিবেশিত করে বিশ্ব স্কাউট সংস্থায় প্রেরণ করা হবে।

জোটা-জোটি ২০২০ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহায়তা একান্তভাবে কাম্য।

২৮/৯/২০২০

(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস সকল অঞ্চল ;
২। আঞ্চলিক উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস)/আঞ্চলিক সম্পাদক/আঞ্চলিক পরিচালক/ উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস সকল অঞ্চল ;
৩। কমিশনার/ সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা ও জেলা রোভার ;
৪। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল জেলা), বাংলাদেশ স্কাউটস।

সদয় জ্ঞাতার্থে :

১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস ;
২। সভাপতি, স্পেশাল ইভেন্টস বিষয়ক জাতীয় কমিটি, বাংলাদেশ স্কাউটস ;
৩। জাতীয় কমিশনার, (সকল), বাংলাদেশ স্কাউটস ;
৪। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস ;
৫। জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা ও জেলা রোভার ;
৬। সভাপতি, বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে, নৌ ও এয়ার জেলা (সকল)।